# হোমিও মেডিক্যাল ক্লাব পত্রিকা

মাসিক

HOMŒO MEDICAL CLUB PATRIKA

THE CALCUTTA HOMŒOPATHIC MEDICAL COLLEGE * LIBRARY DEPT.

VOL. 15 No. 5 ::: AUGUST—1979

# Contents :


হোমিও কাউন্সিল নির্ব্বাচন
(সম্পাদকীয়) ডাঃ নির্মল সরকার 118

Some types of patients
as observed in Homoeo-
pathy—Dr. S. C. Roy 120

ভারতীয় ঔষধের উপর হোমিও-
প্যাথিক গবেষণার সুযোগ সুবিধা
ডাঃ তারাপদ ঘোষ 124

What is Homoeopathic
Diagnosis ? How it can
be established ?
— By KUMS 129

বংশগত রোগ প্রবণতা ও হোমিও-
প্যাথি – ডাঃ স্বামী ভূমানন্দ 135

News & Views 141

সংবাদ পরিক্রমা 144

সংবাদ বিচিত্রা 144

অনুসন্ধানীর দৃষ্টিতে 147

LIBRARY DEPT.

# Homœo Medical Club Patrika

Monthly Bi-lingual (English and Bengali)

[ Journal of the Homœo Medical Club, West Bengal ]

KNOWLEDGE * FRATERNITY * SERVICE *

ARTICLES : English/Bengali should be sent neatly and clearly typed/written in double space on one side of the paper and the name of the writer with complete address. Literature (Books/Journals) should be sent in two copies Addressed to The Publisher, Homœo Medical Club Patrika. Post Box No. 67, Howrah-711101.

Articles are ordinarily not returnable whether approved or not.

SUBSCRIPTION : Price per copy Re. 1·00, Yearly Rs, 10 00 (Ten) including Postage, Subscriptions are accepted from any issue/any time of the year.

Cheques and V-P-P are not acceptable. Subscription to be sent in advance to The General Secretary, Homœo Medical Club West Bengal, 62/1, Netaji Subhas Road, Howrah-711101.

All Valid Members and Life Members of Homœo Medical Club West Bengal are entitled to get one copy of Patrika free of cost and Posted generally in ordinary Book Post on last week of every month. Yearly subscription for membership is Rs. Fifteen, admission fee Rs. Five and Life Member Rs. 250·00

For all Correspondence & contract please address to :
General Secretary, Homœo Medical Club, West Bengal,
Post Box No. 67, Howrah-711101.

*for*

Genuine and Standard

Homœopathic & Bio-chemic medicines

**Economic Homœo Pharmacy**

**Founder : Late Dr. Sukumar Roy**

Pharmaceutists, Exporters, Importers, Publishers, Suppliers to Private enterprises & Govt. Institutions. Boneded Lab.

Ruby Park, Haltu, 24 Parganas (46-1540)

**H O. : 89, Netaji Subhas Road, Calcutta-700 001**

Gram : HOMOSEVA Phone : 22-4731

---

*FOR :-*

GENUINE MEDICINES

*RELY ON :*

**SUNDAR HOMŒO SADAN**

113, NETAJI SUBHAS ROAD,
CALCUTTA-700 001

---

*Insist For Genuine Homœo Medicine, Bio-chemic Medicine & Mother-tinctures*

**Contact**

**Majumdar Homœo Clinic & Pharmacy (MFG)**

Founder—Late Dr. J. N. Majumdar, M. Sc. M.B, F.R.C.S. (Edin), M R.C.P. (Lond) M.D.

**Laboratory—852 "P" Block, New Alipore, Cal-53**

Phone : 45-4868

**Office—3, Chowringhee Street, Calcutta-72**

Phone : 23-5946

*সম্পাদকীয়*

# হোমিও কাউন্সিল নির্ব্বাচন

সংবাদে প্রকাশ, হোমিও কাউন্সিলের গণতান্ত্রিক নির্ব্বাচন শীঘ্রই অনুষ্ঠিত হবে বলে নাকি সরকার প্রস্তুত হচ্ছেন। এই সংবাদ পাওয়ার সঙ্গে সঙ্গেই পশ্চিম বাংলার হোমিও জগতে সাজ সাজ রব পড়ে গেছে। নির্ব্বাচন ২/৩ মাস পূর্ব্বেই হবার কথা ছিল, তা ক্রমশঃ পেছিয়ে পেছিয়ে আগামী কোনও এক মাসে হবে বলে সংবাদ। (কবে হবে সঠিক সংবাদ আমরা এখনো জানি না)। তবু পশ্চিমবঙ্গে বিভিন্ন মহলে সাড়া পড়ে গেছে! জোর প্রস্তুতি। প্রচার, অপ-প্রচার ইতিমধ্যেই সুরু হয়ে গেছে। এই নির্ব্বাচনে ক্ষমতা দখল করার লোভে বিভিন্ন প্রতিষ্ঠান গজিয়ে উঠেছে (যার ২/৩ টা সংবাদ আমরা গত সংখ্যায় প্রকাশ করেছি)। সভা, আলোচনা, উৎসব ইত্যাদি পালনের ধূম পড়ে গেছে। প্রতিষ্ঠানে, প্রতিষ্ঠান কাউন্সিলে কাকে নির্ব্বাচনের প্রার্থী করা হবে এই নিয়ে শলা-পরামর্শও জোর কদমে চলছে। পদপ্রার্থীরা নানা ভাবে প্রতিষ্ঠানের কর্তা ব্যক্তিদের নিজ নিজ যোগ্যতা সম্বন্ধে ওয়াকিবহাল করবার জন্য উঠে পড়ে লেগে গেছেন। এই সঙ্গে ব্যক্তিগত ভাবে কেউ বৃহৎ দান, বৃহৎ প্রতিশ্রুতি ইত্যাদি দিয়ে চলেছেন বলে কানাঘুসো শোনা যায়। অর্থাৎ রাজনীতি ক্ষেত্রে নির্ব্বাচন যেমন, আলাপ, আলোচনা, বিবাদ, মান-অভিমান, পরস্পরের প্রতি দোষারোপ, দল ভাঙ্গাভাঙ্গি ইত্যাদি হয়, এই নির্ব্বাচনের হাওয়ায় তার সবকিছুই অল্প-বিস্তর আরম্ভ হয়ে গেছে।

ভারতের ইতিহাসে এই পদমোহ চিরন্তন ভেঙ্গে এনেছে বিবাদ, আজ ভারতবর্ষও ঠিক একই কারনে ক্ষত-বিক্ষত। ভারতের একমাত্র আমাদের স্বীকৃত প্রতিষ্ঠানেও নির্ব্বাচনের প্রার্থী নির্ব্বাচিত হয়েছে নাকি গণতান্ত্রিক উপায়ে, এখানেও বিরূদ্ধবাদীরা বিক্ষুব্ধ। তাঁদের অভিমত এমন ২/৩ জনকে প্রার্থী মনোনীত করা হয়েছে যারা হয়তো প্রখ্যাত হোমিওপ্যাথ কিন্তু হোমিও সংগঠনের কার্য্যে তাদের উপস্থিতি বিরল, অথচ প্রকৃত হোমিও সমাজসেবী এই তালিকায় স্থান পান নি। অবশ্য যে কোন নির্ব্বাচনেই হোক, কিছু সংখ্যক ব্যক্তিকে অক্ষুন্ন করবে। আমাদের বক্তব্য শুধু মোহে পড়ে কেউ যেন কাউন্সিলে প্রবেশের চেষ্টা না করেন। যাঁরা সৎ, কর্ম্মঠ এবং এই বিষয়ে অর্থাৎ সংগঠন কাজে সমর্থ যাঁরা নিজের স্বার্থ দেখবেন না, হোমিওপ্যাথির স্বার্থ দেখবেন। যাঁদের কাউন্সিলে সর্ব প্রকার সক্রিয় অংশ গ্রহণের মত পর্যন্ত সময় আছে বা যাঁরা নিজেদের উপার্জনের ক্ষতি করেও হোমিওপ্যাথির স্বার্থে সময় দিতে পারবেন তাঁরাই যেন কাউন্সিলে যান। তা না হলে যত জ্ঞানী-গুনী হোমিওপ্যাথ হউন, পদলোভে গিয়ে যদি প্রাথমিক কর্ত্তব্য সম্পাদনে অস্বীকৃত হন তা তাঁরা পশ্চিমবঙ্গের হোমিওপ্যাথির যে উজ্জ্বল ভূমিকা আছে তাকে মসীলিপ্ত করিবেন। কাউন্সিলে গিয়ে প্রথমেই তাঁদের প্রতিবাদ কর্ত্তে হয়, অধুনা প্রচলিত নিয়মের ৮ জন নিয়মিত প্রতিনিধি, ১১ জন সরকারী প্রতিনিধি।

হোমিওপ্যাথির প্রকৃত উন্নতি করিতে হইলে এই নিয়মের পরিবর্ত্তন করে নির্ব্বাচিতের সংখ্যা বৃদ্ধি করতে হবে। আর যাঁরা নির্ব্বচন নিয়ে চিন্তা করছেন তাঁদের এই সব বিষয়ে অবহিত হতে অনুরোধ করি। আমরা আশা করব প্রকৃত ত্যাগী, জ্ঞানী, সৎ, কর্ত্তব্য-পরায়ন হোমিও-প্যাথরাই কাউন্সিলে দলমত নির্বিশেষে নির্ব্বাচিত হয়ে পশ্চিমবঙ্গে হোমিও-পতাকা চিরউন্নত রাখুন।

স্বাধীনতা দিবস, ১৯৭৯ সাল। —ডাঃ নির্ম্মল কুমার সরকার

## "Some types of patients as observed in Homœopathy"

Dr. S. C Roy. D. M. S. (Cal).

C.M.O. Simla Seva Samity, Calcutta.

1) **Abrotanum**—Child is ill-natured, cross and despontent, violent, inhuman, "would do something cruel" Face old, pale, wrinkled. (Opium)

2) **Aethusa**—Specially for children during dentition in hot summer weather ; "children who cannot bear milk".

3) **Ambra Grisea**—For children specially young girls who are irritable, nervous and weak ; nervous affections of old people, nerves worm out. Lean, thin ; emaciated persons who take cold easily.

4) **Ammon Carb**—Children dislike washing (Ant. Crud, Sulph).

5) **Antim Crud**—Child is fretful, peevish, "Cannot bear to be touched or looked at ;" ( Sulph. ) does not wish to speak or be spoken to ; ( Ant. tart, iodium, Silicia )

"angry at every little attention"

**"Great sadness with weeping"**

6) **Abrotanum patients**—Chilly, face old, pale, wrinkled (Opium). Great weakness and prostration and a kind of hectic fiver with children ; unable to stand.
(Kent says, "In boys Abrotanum cures hydrocele. In infants it cures bleeding from the navel.

7) **Acetie acid patient** Adopted to pale, lean persons with lax, flabby, muscles and face pale and waxy (Ferrum). [Kent says, "Emaciation, weakness, anaemia, loss of appetite, burning thirst and copius pale urine are a combination calling for Acetic acid".]

8) **Aconitenap patient**—It is generally indicated in Acute or recent cases occuring in young persons, specially girls of a full, plethoric habit, "who lead a sedentary life ;" persons easily affected by atmospheric changes ; dark hair and eyes ; rigid muscular fibre. The countenance is expressive of fear. "The life is rendered miserable by fear.

9) **Aethusa patient**—Specially for children during dentition in hot summer weather ; "children who cannot bear milk". Great weakness, children cannot stand, unable to hold up the head ( Abrotanum ) ; prostration with sleepiness.

An expression of great anxiety and pain, with a bearing down condition and well marked Linea Nasalis features expressive of pain and anxiety.

10) **Aeseulus lip patient**—For persons with haemorrhoidal tendencies and who suffer with gastric, bilious or catarrhal troubles.

11) **Agaricus muscarius patient**—Persons with light hair, skin and muscles lax. Old people with weak, indolent features, drunkards, specially for thin stature with headache, "bad effects after a debanch" (Lobelia ; Nux-Vom ; Rananculus).

12) **Ag us castus patient**—"Old sinners," with impotence and gleet, un-married persons suffering from nervous debility.

**"Arematuré old age"**

Melancholy, apathy, mental distraction, self contempt ; arising in young persons from abuse of the sexual powers ; from Seminal losses for the lymphatic constitution.

13) **Aloe patient**—Adopted to indolent, 'weary', persons averse to either mental or physical labor, mental labor fatigues. Old people, specially women of relaxed, phlegmatic habit, extreme prostration with perspiration.

**14) Annum carb patient** –Haemorrhagic diathesis, fluid blood and degeneration of red blood corpuscles ; ulceration tend to gangrene.

**15) Ammon mur patient**—Specially adopted to those who are fat and sluggish ; or "body large and fat but legs too thin".

**16) Amyl nitrite patient**—For nervous, sensitive, plethoric women, during or after the menopause.

**17) Alumina patient**—Spare, dry, thin subjects, dark complexion, mild cheerful disposition, hypochondriac dry, tettery, itching eruption, worse in winter ( Petroleum ), "intolerable itching of whole body when getting warm in bed" ( Sulph ) ; Scratches until bleeds, then becomes painful. "Inability to walk, except with the eyes open and in the day time ; tottering and falling when closing eyes". ( Argnit, Gels ).

*
* *

# "ভারতীয় ঔষধের উপর হোমিওপ্যাথিক গবেষণার সুযোগ সুবিধা"

—ডাঃ তারাপদ ঘোষ ( ডি. এম. এস. )

গবেষ ধাতুর ভাবে যুক্ত অনযুক্ত আপ্ ঃ- গবেষণা মানে অন্বেষণ, ইংরাজী শব্দ research.

নীরব-নিস্তব্ধ-নিভৃত পরিবেশে সুস্থ-সবল সু-স্বাস্থ্য দেহী বিশিষ্ট ব্যক্তি যিনি বা যাঁরা বৈজ্ঞানিক ভিত্তিতে একাগ্রচিত্তে মুনি ঋষির মত দৃঢ় বলিষ্ঠ মননশীলতার মধ্যে নিজেকে ডুবিয়ে দিয়ে পার্থিব জগতের জড় বা অজড় (জীব বা নীর্জিব) পদার্থের মধ্যে জীব কল্যানকামী বা ধ্বংসকামী যে মহাশক্তি অন্তর্নিহিত বা লুক্কায়িত আছে, তার সন্ধানে সাধনোচিত সাধনায় আত্মনিয়োগ দ্বারা তত্ব অনুসন্ধান করা বা সেই অদৃশ্য শক্তির বিকাশ সাধন করা বা উদ্ভাবন করাই গবেষকের প্রধান কার্য্য।

প্রকৃত যিনি গবেষক তার মননশীলতা, কল্পনা ও ইচ্ছা শক্তি সব কিছু কেন্দ্রীভূত হয় সেই বিশেষ দ্রব্যটীর মধ্যে যেটার অন্তর্নিহিত রূপ ও মহাশক্তিকে তিনি জগৎ সমক্ষে প্রকাশ করতে চান তাতে। গবেষকের স্থান জনকোলাহল হ'তে দূরে, সংসারের সুখ দুঃখ হ'তে তফাতে, দলমতের উর্দ্ধে অর্থাৎ সাধনার উচ্চ স্তরে। নিবিষ্ট চিত্তে যখন তিনি গবেষণা কাজে থাকেন ব্যাপৃত তখন জাগতিক ধাতুর স্পর্শ পারে না তাকে ছুঁতে, ক্ষুৎ পিপাশা যান্ ভুলে, লাভ-লোকসানের খতিয়ান তখন থাকে বিস্মৃতির অতল তলে।

তাই গবেষক পৌঁছান তাঁর নিদৃষ্ট লক্ষে—আহরণ করেন সুধা, নিজে সর্ব্বহারা হয়ে জগৎকে দান করে যান সেই সাধনার ধন অমূল্য সম্পদ সহাস্য-বদনে দু-হাত ভরে।

আমাদের মহাগুরু মহাত্মা হ্যানিম্যান রোগীর রোগ নিরসনে সাধনার ( প্রুভিংয়ে যে পথ প্রদর্শণ করে গেছেন তা ইতর বাক্‌হীন-ভাবাহীন-জ্ঞানহীন জন্তু-জানোয়ারের উপর দিয়ে নয়, সে পথ ( প্রুভি ) সকল বয়সের যথা শিশু হতে বৃদ্ধ, নারী এবং পুরুষ উভয় জাতির জীবনিশক্তির মাধ্যমে। তাই হোমিও ঔষধ গবেষণায় চাই উপযুক্ত একাত্মবোধক সহকর্মী—যাঁর এ শাস্ত্রে আছে বিশেষ জ্ঞান ব্যুৎপত্তি। যিনি সাধারণ গাছ গাছড়া হ'তে আরম্ভ করে খনিজ যে কোন পদার্থ এমন কি বিষধর জীব যার কাজ ধ্বংস করা। গবেষক তা সেই ধ্বংসকারী বিষের মধ্যেও যে অমৃতময়ী শক্তি আছে তার সন্ধানে গ্রহণ করেন সেই বিষ নিজ মুখে নানা শক্তিতে লক্ষণ উৎপাদন মানসে। যদি কোন বিপদ-আশংকা দেখা দেয় তখন সহকর্মী তার Antidote কি হতে পারে তা প্রয়োগ করে গবেষককে করবেন সাহায্য। গবেষকের শক্তি থাকাতে তিনি নিজে যতক্ষন পারেন লক্ষণগুলি করেন লিপিবদ্ধ, কিন্তু যখন শক্তির বাহিরে চলে যায়, অর্থাৎ যখন জ্ঞানহারা হন বা কর্মহীন হন, জ্ঞান থাকতেও তখন সহযোগী, সহকর্মী তাঁর সূক্ষ্ম দৃষ্টি গবেষকের প্রতি নিবদ্ধ রেখে প্রতিটী লক্ষণ করবেন লিপিবদ্ধ। রোগ লক্ষণের অবস্থানস্থিতি, স্পর্শানুভূতি, বৃদ্ধি ও উপশম সবই সংগ্রহ করতে হবে সযত্নে। তাই প্রয়োজন বেশ কয়েকজন সহযোগী, সহকর্মী। কিন্তু দুঃখের বিষয় ঠিক এমনি সহযোগী সহকর্মীর বেশ অভাব এ বর্ত্তমান যুগে। দু-শো বছর আগে যা সম্ভব ছিল তা এখন অসম্ভব হতে চলেছে এর মূল কারন ভাতৃত্ব বোধ ও বন্ধুত্ব বোধ সবই এখন ভাসা ভাসা গভীরে বোধ হয় খুবই কম। তারও মূল কারণ অর্থনৈতিক অবস্থার প্রাচুর্য্যের অভাব!

যে কাজই করা হোক না কেন তার মূলে চাই অর্থ। আবার যার

অর্থ আছে তাঁর ইচ্ছা নেই, যার ইচ্ছা আছে তার অর্থ নেই। অর্থ থাকলে হয় না সহকর্মীর অভাব, হয় না আবশ্যকীয় দ্রব্যের যথা এ্যালকোহল, রেকটিফাইড্ স্পিরিট, পরিশ্রুত জল ও অন্যান্য আসবাব পত্রাদির ; —অর্থাৎ চাই একটী চাহিদা মত ল্যাবরেটরী। তাই ভারতীয় ভেষজের গবেষণায় চাই ভারত সরকারের পূর্ণ সহযোগীতা, সেটা শুধু অর্থের দিক দিয়ে নয় এই হোমিওপ্যাথকে তার পূর্ণ মর্য্যাদার আসনে করতে হবে প্রতিষ্ঠা এবং প্রতিটি প্রদেশের বিশ্ববিদ্যালয়ের এক্তিয়ারে এনে Post Graduate শ্রেণীতে ফেলে উচ্চ শিক্ষাদানে এই চিকিৎসাশাস্ত্রের করতে হবে উন্নয়ন। প্রতিটী এ্যালো-প্যাথিক চিকিৎসার হস্পিটালের সংগে হোমিওপ্যাথিক চিকিৎসার প্রসারকল্পে প্রতিযোগীতা মূলক ব্যবস্থা। কিন্তু দুঃখের বিষয় লক্ষ লক্ষ রোগী এই চিকিৎসার আওতায় এসে রোগ মুক্ত হলেও এ চিকিৎসাশাস্ত্র পায় না কোন সহানুভূতি, পায়না কোন আবশ্যকীয় অর্থ—বিনিময়ে পায় শুধু বিমাতৃসুলভ ব্যবহার।

একথা বলার কারণ আমার এই যে—যে সকল হোমিও কলেজ ও হস্পিটাল আছে সেগুলির দিকে দৃষ্টি দিলেই ধরা যাবে এর দৈন্যদশার বিষয়। বাইশটা বছর স্বাধীনতা পেয়েছি সত্য কিন্তু অর্থনৈতিক কাঠামো আবদ্ধ হয়ে আছে বড় বড় ধণী কারবারীর হাতে। যেখানে টাকা উপার্জ্জন বেশী হয় সেখানেই টাকা গিয়ে পড়ে। তাই বর্ত্তমানে মাদ্রাজে, বোম্বাইয়ে, হরিদ্বারে ও কলিকাতায় হয়েছে বহু প্রতিষ্ঠান, এ্যালোপ্যাথিক ঔষধের ফলাও কারখানা। আর আজ হোমিওপ্যাথিক হাজার শক্তির ঔষধের উপর শক্তির ঔষধ দরকার হলেই আমদানী করতে হয় বিদেশী বোরিক ট্যাফেলের কাছ থেকে। দেশের সরকার যদি যত্নবান না হন—যদি তাঁর শুভেচ্ছা প্রয়োগ না করেন তবে কিছুই সম্ভব নয় এই গবেষণা কাজে।

আর একটা কথা এই যে, যে সকল গুনী-জ্ঞানী প্রখ্যাত চিকিৎসক চিকিৎসায় নাম কিনিয়াছেন সত্যই তাঁর সময়ের অভাব। কারণ তিনি সকাল থেকে রাত পর্য্যন্ত খেটে রোগী দেখে সময় পান না নূতন কোন ঔষধ

আবিষ্কারে, আর যাঁর জ্ঞান যথেষ্ঠ আছে অথচ ভাগ্য লক্ষ্মী প্রসন্না নন, সংসার চালাতে দিন কাটে-তাঁর নানা চিন্তায় অর্থ উপার্জন মানসে তাই মন যায় না কোন নূতন আবিষ্কারে। আবার যাদের অর্থ উপার্জনের ধান্ধা আছে তারা মহাত্মা হ্যানিম্যানের নাম নিয়ে তাঁর নির্দেশিত পথে ঔষধ গবেষণায় মন না দিয়ে এ্যালোপ্যাথিক ষ্টাইলে হোমিও ইনজেকসন, মিক্সচার ও ট্যাবলেট চালু করে যাকে বলে "সোনার পাথর বাটী" সেই রূপ হোমিওপ্যাথির কলংক হয়ে রোগ চাপা দিচ্ছেন রোগীকে ঠকিয়ে এবং বেশ মোটা দু পয়সা কামাচ্ছেন এই দুর্দিনের বাজারে। যদি তাঁদের প্রগাঢ় জ্ঞান থাকত এই শাস্ত্রে তবে সদৃশ বিধান মতে রোগীকে কোন ক্লেশ না দিয়ে সূক্ষ্ম মাত্রায় একটী মাত্র ঔষধ নির্ব্বাচন করে ও প্রয়োগ করে করতেন রোগ আরোগ্য কিন্তু সেদিকে দরকার যে "মেটিরিয়া মেডিকায়" বিশেষ জ্ঞানের। তবে এটা ঠিক ভুয়োবাজীতে রোগ চাপা দেওয়া যায়, সারান যায় না। যাক সেকথা তবে কি ভারতে এমন লোক নেই যে একাজে এগিয়ে আসেন, নিশ্চয়ই আছে তবে সে সংখ্যা নগণ্য বললেও হবে না অত্যুক্তি।

এই বাংলা দেশের কৃতি সন্তান প্রখ্যাত চিকিৎসক স্বর্গীয় প্রমদা প্রসন্ন বিশ্বাস মহাশয়, যিনি ভারতীয় ঔষধ গবেষণায় আত্মনিয়োগ করে "ভারত ভৈষজ্য তত্ব" নামক দু খানি পুস্তক রচনা করে আমাদের হাতে দিয়ে গেছেন, প্রণাম জানাই তাঁর উদ্দেশ্যে। ঠিক সেই সময় ডাঃ কালী কিংকর ভট্টাচার্য্য, ডাঃ ডি এন রায়, ডাঃ শরৎ চন্দ্র ঘোষ প্রমুখ প্রথিতযশা চিকিৎসকগণ অনেক দেশীয় ঔষধ প্রুভ করেন এবং সে গুলিও স্থান পেয়েছে প্রমদা বাবুর ভারত ভৈষজ্যতত্বে উহাদের সবারই কাছে আমরা ঋণী ও কৃতজ্ঞ। কিন্তু সব ঔষধগুলি নিম্ন মধ্য শক্তিতে প্রুভিং হয়েছে উচ্চশক্তিতে এগুলি প্রুভিং হওয়া একান্ত আবশ্যক। কিন্তু কৈ সে সাহস ও ইচ্ছাশক্তি আমাদের? তার মূল কারন এ দ্রব্য অগ্নিমূল্যের দিনে নিজের রুজির রোজগার বন্ধ রেখে ব্রহ্মচর্য্য পালন করে—ভেষজহীন খাদ্য আহার করে উপযুক্ত সঙ্গী যোগাড় করে প্রুভিংএ বসা বড় কম কথা নয়। যে দুর্য্যোগপূর্ণ বাতাস চলছে তাতে

নিজেকে ক্ষতিগ্রস্থ করতে আমরা অনেকেই চাই না। কিন্তু যদি দৃঢ় বিশ্বাস ও আশা থাকত সফলকাম হলে সরকার সাহায্য করবেন, ঔষধ প্রুভিং এর পর পারিতোষিক হিসাবে কিছু পাওয়া যাবে তবে হয়তো লোকের অভাব ঘটত না। সেই আমাদের বিদেশের দিকেই চেয়ে থাকতে হবে যদি সরকার এ দায়-দায়িত্ব গ্রহণ না করেন।

তবে এ আশাও পোষণ করি হোমিও চিকিৎসায় যে জোয়ার এসেছে আমাদের সংঘবদ্ধ চেষ্টা থাকলে ভাবীকালে আমাদের দেশের ভেষজ হতেই ভারত ভৈষজ্যতত্ত্ব তখানি আরও ফলে ফুলে ভ'রে উঠবে। তবে আমাদের মধ্যে হতেও যদি কোন উদ্যোগী জ্ঞানী গুনী চিকিৎসক ব্যক্তিগত ভাবে বন্ধু বান্ধবের সহযোগীতায় একটী করেও ভারতীয় ঔষধের প্রুভিং এর প্রয়াস পান তবে যেমন বিন্দু বিন্দু করে ক্রমে একটী সাগর সৃষ্টি হয় সেরূপ আমাদের ভারত ভৈষজ্যতত্ত্বও একদিন বিরাট কলেবরে চিকিৎসক সমাজে আত্মপ্রকাশ করবে। তারপর আমাদের উত্তরসূরীগন আমাদের চেষ্টাকে আরও রূপ দিতে নিশ্চই এগিয়ে আসবে। "এসেছি যখন জগৎসভায় দিতে হবে কিছু সবাকায়" এই মন্ত্র গ্রহণ করে শত অসুবিধার মধ্যেও চলতে হবে আমাদের স্বাবলম্বী হয়ে। তাই পরিশেষে সকলদিক চিন্তা করে আমি আমার ব্যক্তিগত ভাবে এই মত পোষণ করি ভারতীয় ঔষধ গবেষণার কোন সুযোগ সুবিধা না থাকলেও আমাদের জাতীয় সরকারের কাছে হোমিওপ্যাথিকের উন্নতির জন্য ও গবেষণার জন্য সঙ্ঘবদ্ধ ভাবে চাপ সৃষ্টি করতে যত্নবান হ'তে হবে।

# What is Homœopathic Diagnosis ? How it can be established ?

—By KUMS

Can there be any treatment without diagnosis ? Certainly not. But the term 'Diagnosis' bears some special significance to a Homœopathic Practitioner and that cannot be at par with the Allopaths.

To an Allopath, so far I know, diagnosis is based upon clinical methods, study of pathological changes in tissues and organism as a whole. Treatment cannot proceed without coming to a definite decision regarding disease. I know a case of 'Typhus Fever'. The patient had very high temperature ranging from 103° to 105° c.g. with very loose bowel and loss of all sensations a perfect stage of coma. He was lying for ten days in such a condition without proper treatment except some routine treatment only because Blood Report did not reveal any such bacteria. On the 11th day, Blood Report showed presence of 'Typhus Nedules and then treatment started with 'uromycin' and then he was cured fortunately as the case was almost hopeless.

Now do we also step in their shoes ? Dr. S. Hahnemann dwelt on this subject in his book 'Organon, the Rational Art of Healing'. He was against such type of diagnosis. Such type of examination can only kill time and the prognosis of the case, might go out of control in the meanwhile. Homœopathic proving was never directed towards disease producing effect but to the healthy subject as a whole. So the same medicine may be useful in various types of disease if prescribed on proper symptom similarity. Therefore the prescription of a Homœopathic Practitioner cannot be based upon in such therapeutic methods, but as you all know upon the totality of symptoms including physical and mental.

These are all wellknown facts and does not require any further elucidation. But the problem which we the practitioner face at present is that the patients are more interested with the names of disease and thus prognosis of the case. If we say it is a case of Stannum or Rhus Tox or Thuja probably they will laugh at us for our ignorance in the medical science Like Hahnemann if we cry loudly that symptom is the only thing which the learned physician should try to understand because it is the only langu age of disease by which it seeks redress for the ailments, the only name to the patient of these high sounding words is the effort to hide the ignorance and nothing else. So it is seen, modern Homœopathic Physicians far from trying

to understand Homœopathy and to become Homœopath try to become B grade or C grade Allopaths and also feel elated in their effort. Is there any way out of this problem ?

So far I know in Western Countries, probably to solve this problem, Homœopathy is taught as an optional subject after completion of full allopathic medicine course, if students prefer to study it instead of allopathic medicine. This system undoubtedly played against the advancement of the Homœopathy As the students get accustomed to allopathic diagnosis from the beginning cannot adopt the art of Homœopathic prescription and diagnosis so to say and thus fail to prove themselves a successful practitioner. This does not mean, to become successful practitioner we should do away with all physical and laboratory findings, including X-rays' ECG, EEG, BMR etc and solely depend upon our case taking. But those should be of secondary importance to us and may help to study the prognosis of the case and management and not the diagnosis or prescription.

I am not going to elucidate here the norms of case taking or evaluation of symptoms here as because every student is well aware of those facts. What is homœopathic diagnosis in the true sence, I think, has been amply discussed by our Master Hahnemann in his 'Organon' (Para 85—105) the Bible to every Homoeopath Christian.

But how are we to establish this diagnosis ? Here we are to go through the 'Materia Medica' very perfectly and try to understand this pure proving which has established the diagnosis. We have seen how Nephrotic Syndrome has been amply displayed by the provings of Apis Mel, Berberis Vulg., Sarsparilla etc Jaundice or Hepatic complaints by China, Lyco., Chelidonium, Podophylum etc Thus the application of proper remedy and its curative action on the patient establishes the diagnosis and none such aforesaid laboratory methods.

Let me here cite few of the cases which I successfully treated and which displayed the diagnosis promptly.

(1) A boy aged about 4 years was brought to my chamber. He was suffering from boil like eruptions on the head. It was cluster like with a sense of burning and itching. In a routine manner I prescribed Sulphur and asked him to see next day. To me diagnosis was not clear and the prescription was more or less one sided depending upon few symptoms. Next day the patient was brought in. It was seen that he was running temperature ( 100° ). The parents told me that the temperature was about 102° at last midnight. He was very restless and thirsty, taking small quantity of water all the time. His whole face has become aedematous. Eyes were closed. Small vesicles like boil has covered the whole face. Urticaria like swelling

was detected on the chest and abdomen. I enquired whether he has taken any decayed food. The answer was in negative. Anyway, my prescription was Arsenic Alba 6. Next day he came with better result. Within next two or three days he was completely cured of all troubles including fever. I again enquired about any poisoning. This time his mother told me that the boy took some filthy water from an unused water in drum. There was decayed animal matter in the drum too. Now diagnosis is complete which Arsenic revealed by its prompt action. Actually it was not boil in ordinany sense.

(2) A married lady of 18 complained that she had an abortion at about 4 months. Since then she was suffering from haemorrhage at an interval of a week with pain in uterus. The haemorrhage was partly fluid and partly clotted. After administration of China, Caulophyllum etc. finding no better result I administered Sabina with good result. Later I sent for gynacological examination. The Surgeon diagnosed the case as Vesicular Mole. It is worth to note how Sabina diagnosed the case beforehand.

(3) A lady was suffering from various ailments, dental, throat (ulcer), exostosis, nerve pain agg. at bed etc. She was administered Merc. Sol upto 1M and she

was relieved of her troubles most within *3* to *4* months. She never revealed to me that she had ever attack of syphilis but I came to know later that she had some illicit connection with a man suffering from syphilis. Thus mercury revealed the story untold. There are such numerous cases in my short span of practice which has proved how diagnosis can be established by our well proved remedies.

# বংশগত রোগ প্রবণতা ও হোমিওপ্যাথি

—ডাঃ স্বামী ভূমানন্দ ( মেদিনীপুর )

প্রত্যেক মানুষ বা জীবমাত্রই জন্মগ্রহণ করিবার সময় স্ব-স্ব মাতাপিতা বা তদূর্দ্ধ পুরুষাদি হইতে প্রাপ্ত দোষগুণ লইয়াই জন্মগ্রহণ করিয়া থাকে। ভবিষ্যৎ জীবনে ঐ সহজাত দোষাদি হইতে নানা প্রকার ব্যাধির উদ্ভব হইয়া থাকে। বংশগত রোগপ্রবণতা হেতু উহাকে 'বংশগত ব্যাধি' বলে।

আমাদের পুরুষানুক্রমিক উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত বা স্বোপার্জিত দোষাবলীর অতীন্দ্রিয় সূক্ষ্ম বীজও আবার পরবর্ত্তী বংশেও প্রবণতা রাখিয়া যাইতেছে। আধুনিক বিজ্ঞানের ভাষায় তাহাকে Generation বলে 'বংশানুক্রমিক ধারা' বলে। সাধারণতঃ বংশানুক্রমিক রোগপ্রবণতা প্রত্যেক মানব শরীরেই বিদ্যমান থাকে।

রোগপ্রবণতা বলিতে সাধারণতঃ রোগের অনভিব্যক্ত অবস্থা বা রোগের সূক্ষ্মাবস্থা বা পূর্ব্ব সূচনাবস্থা বুঝায়। আর রোগ হচ্ছে তার শেষ ফল বা শেষ পরিণতি। বীজের মধ্যে ভাবী বৃক্ষোৎপত্তির কারণ যেমন অন্তর্নিহিত থাকে, উত্তেজক কারণ সহায়ে বৃক্ষে পরিণত হয়, তদ্রূপ রোগপ্রবণতার মধ্যে রোগের বীজ অন্তর্নিহিত থাকে। উত্তেজক কারণ সমূহের দ্বারা রোগরূপ বৃক্ষে বা ফলে পরিণত হয়। কারণ ব্যতীত কার্য্য হয় না।

মহাত্মা হ্যানিম্যান্ বলিয়াছেন, কোন চিররোগের মূল কারণ 'ক্রনিক

মায়াজম্' বা ব্যাধি সৃষ্টিকারী সূক্ষ্ম রোগশক্তি বা ধাতুগত বিষ। তাহা তিনটি- "সোরা, সাইকোসিস্ ও সিফিলিস্"। সোরাই আদি রোগজননী বা সর্ব্বরোগের মূলাধার, জীব সৃষ্টির সহিত সোরার আবির্ভাব, সোরা বা কুমনন 'আদি পাপ' মানুষ্যের মনকে দূষিত করিয়া ঘৃণিত ইচ্ছাসকল পূর্ণ করিবার উপায় অন্বেষণ করিতে বাধ্য করে। চুলকানি সংযুক্ত চর্ম্মরোগই সোরার বহিঃ প্রকাশ, সোরা হইতেই ক্রমে ক্রমে সাইকোসিস্ ও সিফিলিসের উদ্ভব, গনোরিয়া চাপা দেওয়ার গৌণফল সিফিলিস্ মায়াজম। এই দোষত্রয় পরস্পর মিলিত হইয়া মানব-জীবনকে ধ্বংসের দিকে লইয়া যায়। অধিকন্তু উহারা বংশানুক্রমিক প্রভাব বিস্তার করে, ফলে আরও উৎকট ও ধ্বংসকারী হয়। সোরা ধাতুমুক্ত ব্যক্তি জগতে বিরল। সোরা ধাতু স্বোপার্জিত নয়। সাইকোসিস্ ও সিফিলিস্ ধাতু দুইটি স্বোপার্জ্জিত হতে পারে বা পূর্ব্ব পুরুষানুক্রমে হতে পারে। গনোরিয়া ও সিফিলিস্ স্বোপার্জ্জিত হইলে হাঁপানী, বাত, বাগী, দূষিত ক্ষত, মূত্রবংসা দোষ প্রভৃতি উৎকট ব্যাধি জন্মে। এইরূপ দোষগ্রস্ত নরনারীর যৌন মিলনে উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত ভাবী বংশধরগন—যক্ষ্মা, ক্যান্সার, ব্লাড্ প্রেসার, উন্মাদ, ধবল, কুষ্ঠ প্রভৃতি দুশ্চিকিৎস্য ক্ষয়জাতীয় ব্যাধির প্রবণতা লাভ করে। পক্ষান্তরে, সন্তানগনের বংশানুক্রমিক প্রবণতা থাকিলেও সকলে রোগাক্রান্ত হয় না। যেহেতু জীবনী শক্তির বিশেষ প্রবণতা না থাকিলে কিংবা রোগোৎ-পাদিকা শক্তির যথেষ্ট ক্ষমতা না থাকিলে অথবা উত্তেজক কারণ না পাইলে ব্যাধিরূপ ফলে পরিণত হয় না।

স্বোপার্জিত দোষাদি সহজসাধ্য কিন্তু স্বোপার্জিত বা মিলিত দোষাদি বংশগত ভাবে বা পুরুষানুক্রমে নানা চাপা দেওয়া চিকিৎসার কুফলে জটিল হইতে জটিলতর হইয়া দুঃসাধ্য হইয়া দাঁড়ায়। সুতরাং বংশগত রোগাদি অত্যন্ত কঠিন ও দুঃসাধ্য। একমাত্র হোমিওপ্যাথি চিকিৎসা ব্যতীত তথাকথিত অন্যান্য চিকিৎসায় বংশগত রোগ আরোগ্য হয় না বা আরোগ্য করিতে পারে না। ঐ সকল চিকিৎসায় কেবল এক ব্যাধি হইতে অন্য ব্যাধিতে রূপান্তর হয়। কারণ ঐ সকল ঔষধ অত্যন্ত স্থূল। পুরুষানুক্রমে প্রাপ্ত ঐ সকল দোষের

উপর স্থূল ঔষধ কখনও কার্য্যকরী নহে।

পক্ষান্তরে, হোমিওপ্যাথি ঔষধ অতিসূক্ষ্ম পারমানবিক শক্তি সম্পন্ন। ইহারা উচ্চ হইতে উচ্চতম শক্তি বিশেষতঃ পঞ্চাশ সহস্রতমিক শক্তির ঔষধ জীবনীশক্তির সূক্ষ্ম হইতে কারণ স্তর পর্য্যন্ত ক্রিয়াশীল। সুতরাং বংশগত রোগ প্রবণতা ও রোগ বিনাশ করিতে একমাত্র হোমিওপ্যাথি চিকিৎসাই শ্রেষ্ঠ ও অপ্রতিদ্বন্দ্বী। কিন্তু ইহাও বিদিত হওয়া আবশ্যক যে, ঐ সকল বংশগত রোগাদি চিকিৎসায় উপযুক্ত সূক্ষ্মদর্শী হোমিও চিকিৎসকের অধীনে থাকা এবং চিকিৎসায় উপযুক্ত সময়ও আবশ্যক।

রোগের প্রবণতা অবস্থা অতি সূক্ষ্ম অবস্থা। বিকাশাবস্থাই রোগ বা ফল, প্রবণতাবস্থারই রোগীর নির্মূল আরোগ্যের উপযুক্ত সময় এবং সুন্দর সুযোগ। সুতরাং প্রবণতার প্রতিষেধই প্রকৃত আরোগ্য।

বংশগত রোগ প্রবণতা দূর করিতে হইলে বংশপরম্পরা প্রাপ্ত ব্যাধিনিচয়ের ইতিহাস সম্যক্ গ্রহণ করিয়া এবং রোগীর দেহস্থ দোষাবলীর লক্ষণসমূহ পুঙ্খানুপুঙ্খরূপে সংগ্রহ করিয়া তদনুযায়ী সদৃশলক্ষণে এন্টিসোরিক, এন্টিসাই-কোটিক্, এন্টি সিফিলিটিক্ বা এন্টি টিউবার্কুলার হোমিও ঔষধের উচ্চ হইতে উচ্চতম শক্তি দীর্ঘদিন অন্তর দীর্ঘ সময় প্রয়োগ আবশ্যক। নচেৎ বংশগত রোগ হইতে অব্যাহতি লাভ করা সুদূর পরাহত।

বংশপরম্পরাপ্রাপ্ত ব্যাধিনিচয় দ্বারা বংশে কি কি দোষের বা ধাতুর প্রবণতা অধিক তাহা বোধগম্য হয়। যথা, বাত, সায়েটিকা, হাঁপানী, মূত্র-পাথরী, ব্লাড্‌প্রেসার, সন্যাস্, টিউমার, ছানি, বাধক প্রভৃতির মূলে সাধারণতঃ 'সাইকোসিস্' দোষ সূচিত হয়।

অস্থিক্ষত সিফিলিস্, ক্যান্সার, কুষ্ঠ, পক্ষাঘাত প্রভৃতির মূলে সিফিলিস্ দোষ বা ধাতু সূচিত হয়।

সোরা সর্ব্বমূলাধার সর্ব্বত্রই বর্ত্তমান থাকে। চুলকানি, খোস-পাঁচড়া প্রভৃতি ইহার বহিঃ প্রকাশ। যক্ষ্মা, বহুমূত্র, গ্রহণী, সূতিকা, উন্মাদ প্রভৃতি টিউবাকুলার ধাতুব্যঞ্জক, পিতার সিফিলিস্ দোষই পুত্রের টিউবাকুলোসিস্। টিউবাকুলার ধাতু অর্থে যক্ষ্মারোগ নহে। যে সকল বংশে ক্ষয়াদি পীড়ায় কাহারও মৃত্যু হইয়াছে তাহারা ক্ষয়ধাতু বা প্রবণতাগ্রস্ত।

বংশগত অন্যান্য প্রবণতা—বংশে পিতামাতা বা অন্য কেহ 'মার্কারী' বা পারদ ব্যবহার করিয়া যদি ক্ষত রোগ আরোগ্য করে তবে পুত্রপৌত্রাদি ক্রমে সেই মার্কারীর দোষ সংক্রমিত হয়। সেজন্য তাহাদের পারদদোষের প্রবণতা বিদ্যমান থাকে। আধুনিক এন্টি বাইওটিক্স্, সালফা ড্রাগ্স এবং ধাতুজ, খনিজ, রাসয়ানিক ও রোগ বাজ্যোদ্ভূত নানা প্রকার অসংস্কৃত ভেষজক্রিয়া রোগীদেহে দীর্ঘকাল অবস্থান করে। এমনকি রোগীদেহ হইতে উত্তরাধিকার সূত্রে পুত্র-পৌত্রাদির শরীরেও প্রভাব বিস্তার করে এবং রোগ প্রবণতার সহিত মিলিত হইয়া নানা প্রকার ব্যাধির সৃষ্টি করে।

